

তারিখঃ ০২-১০-২০২৩ (পৃঃ ১০)



গাজীপুর : (ত্রি) এর ৫৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা হচ্ছে

-জনকণ্ঠ

ত্রির ৫৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ নানা আয়োজনের মধ্যদিয়ে রবিবার বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি) এর ৫৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। গাজীপুরে ত্রি সদর দপ্তরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন এবং বেলুন উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানমালা উদ্বোধন করেন ত্রির মহাপরিচালক ড. শাহজাহান কবীর। আলোচনা সভা শেষে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাত পরিচালনা করেন ত্রি কেন্দ্রীয় জামে মসজিদের খতিব মাওলান আব্দুল্লাহ গালিব। এরপর মিলনায়তনের সামনের প্রাঙ্গণে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন ত্রির মহাপরিচালক। সিনিয়র লিয়াজেঁ অফিসার আব্দুল মোমিনের সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন ত্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্সুর খানম। সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. আব্দুল লতিফ। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রি বিজ্ঞানী সমিতির সভাপতি ড. আমিনা খাতুন, ফলিত গবেষণা বিভাগের সিএসও এবং প্রধান ড. মো. ছমায়ুন কবীর, খামার ব্যবস্থাপনা বিভাগের সিএসও এবং প্রধান মো. সিরাজুল ইসলাম, ত্রি কর্মকর্তা কল্যাণ সমিতির সভাপতি মো. রাশেল রানা, উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) এমরান হোসেন, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন ত্রি শাখার সাধারণ সম্পাদক মো. শরিফুল ইসলাম, ত্রি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি মো. আবুল কাশেম, বাংলাদেশ কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি মো. আব্দুল মজিদ, ত্রি শ্রমিক ক্লাবের সাধারণ সম্পাদক মো. মামুন হোসেন।